গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাং সেলিম উদ্দিন<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ৩১/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ, দুপুর ০২.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) গত ১৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীর ৩.১ ক্রমিকের সিদ্ধান্ত অংশে ২০১৯-২০২৩ সালের পরিবর্তে ২০০৯-২০২৩ অন্তর্ভূক্ত সংশোধনপূর্বক সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের গত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিশাখা/শাখাভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদ করণ | মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদসহ মন্ত্রণালয়ের তথ্য বাতায়নে সংযোজিত সুশাসনের ০৫টি সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এছাড়া, সুশাসন সংক্রান্ত ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে চলমান প্রকল্পের তালিকা হালনাগাদ করা হয়েছে। মন্ত্রণালয়ের তথ্যবাতায়নের সেবাবক্সসমূহ সর্বশেষ হালনাগাদের তথ্য তারিখসহ সংযুক্তি আকারে উপস্থাপন করা হলো। এছাড়া, মন্ত্রণালয়ের পরিচিতিতে আপলোডকৃত ২০১৯-২০২৩ সালের অর্জনসমূহ, জিডিপি-তে এ মন্ত্রণালয়ের অবদান, মন্ত্রণালয়ের কৃতিত্ব/উদ্ভাবন সম্পর্কিত মুখবন্ধের বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রণালয়ের পরিচিতিতে ২০১৯-২০২৩ সালের পরিবর্তে ২০০৯-২০২৩ সালের অর্জনসহ অন্যান্য বিষয়সমূহ আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সকল প্রকল্পের তালিকা হালনাগাদ করাসহ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তার তথ্য, সেবাবক্সসমূহ হালনাগাদ করা এবং প্রকল্পের গুরুত্বপূর্ণ ছবি, পরিদর্শন সংক্রান্ত ছবি তারিখসহ নিয়মিত আপলোডের নির্দেশনা প্রদান করা হয়। | সিস্টেম এনালিস্ট/ অনুবিভাগ প্রধান (সকল) |
| ৩.২ | ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম ৯৫% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়। ফেব্রুয়ারি/২৪ মাসে এ মন্ত্রণালয়ের ই-নথিতে নিষ্পত্তির হার ৯৭.৩৭% এবং ২০২৩-২৪ অর্থবছরে ই-ফাইলিং এর অগ্রগতি ৯৭.৫৪%। প্রতিমাসে ই-নথিতে পত্র জারিসহ নথি নিষ্পন্নের হার বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। যেসব শাখার নথি নিষ্পন্নের হার কম, সেসব শাখার ই-নথির কার্যক্রম বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | ই-ফাইলিং কার্যক্রম ৯৫% এর উপর রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করাসহ যেসব শাখার ই-ফাইলিং কার্যক্রমের হার কম তাদের ই-নথিতে নিষ্পন্নের হার বৃদ্ধির বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট |
| ৩.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর কার্যক্রম | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগ মন্ত্রণালয়কে অবহিত করাসহ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাকে গত ২৪ মার্চ/২০২৪ তারিখ | ২০২৩-২৪ অর্থবছরে এপিএ-তে এ মন্ত্রণালয়ের অবস্থান ১-৩ এর মধ্যে রাখার বিষয়ে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ উপসচিব |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়েছে। বিল নার্সারি ব্যতীত অবশিষ্ট ০৮টি সূচকের (প্রদর্শনী মৎস্য খামার, অভয়াশ্রম, মা ইলিশ/জাটকা/কম্বিং অপারেশন, সরকারি হাঁস-মুরগির খামার, কৃত্রিম প্রজনন, চলমান প্রকল্প, মৎস্য অবতরণ কেন্দ্র ও প্র্যাকটিস কেন্দ্র) এপ্রিল/২৪ মাসের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা থাকলেও চলমান প্রকল্প পরিদর্শন প্রতিবেদনে ২০টি এর মধ্যে ১৩ টি প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান, কর্মকর্তারা এপিএ-এর টার্গেট অনুযায়ী পরিদর্শন করলেও পরিদর্শন প্রতিবেদন জমা দিচ্ছেন না। এ নিয়ে সভায় আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে পরিদর্শন সম্পন্নকরতঃ প্রতিবেদন যথাসময়ে দাখিল করার জন্য কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (প্রশাসন-১) |
| ৩.৪ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | NDCC সভার প্রস্তুতি হিসেবে মার্চ/২৪ মাসে সভা আয়োজন সম্ভব হয়নি। তবে ইতোমধ্যে কৃষি কারিগরি কমিটি এবং পরিবেশ ও জলবায়ু সংক্রান্ত কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩১ মার্চ দুপুর ২.৩০ টায় NDCC এর সভা অনুষ্ঠিত হবে। লক্ষ্যমাত্রা ১৪.৫ এর হালনাগাদ তথ্য ট্র্যাকারে আপলোডের বিষয়ে আলোচনা হয়। | FAO এর সাথে যোগাযোগ অব্যাহত রেখে ১৪.৪ এর বেইজ লাইন ডাটা ও ১৪.৬ এর হালনাগাদ ডাটা ট্র্যাকারে আপলোডের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) ও উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৫ | অধিশাখা/ শাখা ভিত্তিক পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন সংক্রান্ত। | অধিশাখা/শাখার পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন পত্র বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়া সচিবালয় নির্দেশমালা অনুসারে শাখা/অধিশাখা/ অনুবিভাগভিত্তিক পত্র নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পত্র নিষ্পত্তি এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনসহ অনিষ্পন্ন পত্র সংক্রান্ত তথ্য যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা |
| ৩.৬ | মন্ত্রণালয়ের শাখা/অধিশাখা পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী সকল অধিশাখা/শাখা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি যথাসময়ে প্রশাসন-৩ অধিশাখায় দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় যুগ্মসচিব (মৎস্য-৫ অধিশাখা) মহোদয়কে যথাযথভাবে শাখা পরিদর্শনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | কর্মকর্তাগণ কর্তৃক সরেজমিনে শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা |
| ৩.৭ | মন্ত্রিপরিষদ সভার সিদ্ধান্ত | "দোহা প্ল্যান অব এ্যাকশন" এর তথ্য মন্ত্রিপরিষদ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রায় এ মন্ত্রণালয়ের অংশ কতটুকু তা নিয়ে বিস্তারিত আলোচনায় হয়। আলোচনায় লক্ষ্য, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, অষ্টম-পঞ্চবার্ষিকী পরিকল্পনা, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের নির্বাচনী ইশতেহার ইত্যাদি বিষয়ে আলাদাভাবে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | "দোহা প্ল্যান অব এ্যাকশন" এর অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৪ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণের বিষয়টি নিশ্চিত করাসহ চেকলিস্ট তৈরি এবং এ বিষয়ে জরুরিভিত্তিতে সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৮ | অডিট সংক্রান্ত | জানুয়ারি/২০২৪ পর্যন্ত এ মন্ত্রণালয়ের মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ১০ টি। ফেব্রুয়ারি/২৪ মাসে নতুন কোন অডিট আপত্তি পাওয়া যায়নি। ফেব্রুয়ারি/২৪ মাসে কোন আপত্তি নিষ্পত্তি হয়নি। ফেব্রুয়ারি/২৪ মাস শেষে মোট আপত্তির সংখ্যা ১০ টি এর বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন-৪) |
| ৩.৯ | শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ও অগ্রগতি | এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রণীত কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ১৫/০১/২০২৪ তারিখ "সুশাসন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম | যুগ্মসচিব মৎস্য-১/ উপসচিব |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত | কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোড করা হয়েছে। গত ১৫/০১/২০২৪ তারিখে ৩য় নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সফট্ওয়্যারে আপলোডের নিমিত্ত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সম্বলিত প্রমাণক এবং কর্মপরিকল্পনার নির্ধারিত সূচকসমূহের বিপরীতে লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক ০৭/০৩/২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য সকল অনুবিভাগ প্রধানগণের অনুকূলে ই.উ.ও নোট প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | গ্রহণে ৩য় নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণপূর্বক প্রমাণকসমূহ সংশ্লিষ্ট শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | প্রশাসন-৩ |
| ৩.১০ | নথি বিনষ্টকরণ | গত ১৩/০৩/২০২৪ তারিখে এ মন্ত্রণালয়ের "নথি বিনষ্টকরণ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি'র সভায় প্রশাসন-৩ অধিশাখার ২৫ টি, প্রাণিসম্পদ-৪ অধিশাখার ০৬টি এবং প্রশাসন-৪ শাখার ৩১ টি মোট ৬২ টি উপস্থাপিত বিনষ্টযোগ্য নথি বিনষ্টের বিষয়ে আলোচনা হয়। | শাখা/অধিশাখাভিত্তিক নথি বিনষ্টে গঠিত "নথি বিনষ্টকরণ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি"র পরবর্তী সভা আয়োজনসহ এবং এ সংক্রান্ত রিপোর্ট প্রতিমাসে ছক আকারে উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ যুগ্মসচিব (প্রশাসন-২) |
| ৩.১১ | মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত | জানুয়ারি মাসে ০৫ টি রিট মামলা ও ফেব্রুয়ারি মাসে কোন মামলা নিষ্পত্তি হয়নি। ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসহ মোট মামলার সংখ্যা ৪৮০ টি। মন্ত্রণালয়ের বিরুদ্ধে ০৫ টি প্রশাসনিক মামলা চলমান থাকার বিষয়ে আলোচনা করা হয়েছে। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে দ্রুততার সাথে জবাব প্রেরণসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (আইন) |
| ৩.১২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত | ২০২৩-২৪ অর্থবছরের মন্ত্রণালয়ের ইন-হাউজ প্রশিক্ষণ বিষয়ক মডিউল প্রস্তুত করা হয়েছে। এ আলোকে এ মন্ত্রণালয়ের কর্মরত ১০৫ জন কর্মকর্তা/কর্মচারীদের জন্য বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ইনহাউজ প্রশিক্ষণ, সঞ্জীবনী প্রশিক্ষণসহ ৫ টি লার্নিং সেশন এর আয়োজন করা হয়েছে। এপিএ এর জন্য নির্ধারিত প্রশিক্ষণসমূহ নির্ধারিত সময়সূচী অনুযায়ী আয়োজন করা হচ্ছে। এ পর্যন্ত ৯ম গ্রেড তদুর্ধ্ব কর্মকর্তাদের ৩৪ ঘন্টা, ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের ৫৪ ঘন্টা, ১১-১৬ গ্রেডভুক্ত ৪৫ ঘন্টা, ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের ৪৫ ঘন্টা করে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | ২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রণালয়ের জন্য প্রস্তুতকৃত মডিউল এবং এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ ও লার্নিং সেশন আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব (প্রশাসন-৩) |
| ৩.১৩ | বিবিধ | এ মন্ত্রণালয়ের চলমান প্রকল্পসমূহের কার্যক্রম ত্বরান্বিত করাসহ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ মন্ত্রণালয়ের চলমান প্রকল্পসমূহের কার্যক্রম ত্বরান্বিত করাসহ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/৪/২০২৪

(মোহাং সেলিম উদ্দিন)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়